সীমান্তে উত্তেজনা এড়াতে আপাতত বেড়া নির্মাণ বন্ধ

written by Chandradip News24 | January 11, 2025

বাংলাদেশ-ভারত সীমান্তে উত্তেজনা নিরসনে আপাতত কাঁটা তারের বেড়া নির্মাণ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। শুক্রবার বিএসএফের বেঙ্গল ফ্রন্টিয়ারের এক সিনিয়র কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেছেন।

টাইমস অব ইন্ডিয়ার এক প্রতিবেদনে বলা হয়েছে, গত সোমবার পশ্চিমবঙ্গের মালদার বৈষ্ণবনগরে বেড়া নির্মাণের উদ্যোগ নেয় বিএসএফ। তবে বাংলাদেশ বর্ডার গার্ড (বিজিবি) এতে আপত্তি জানায়। এরপর মঙ্গলবার ফের নির্মাণকাজ চালানোর চেষ্টা করলে পতাকা বৈঠকের মাধ্যমে তা বন্ধ করা হয়।

বিএসএফের কর্মকর্তা জানান, “বেড়া নির্মাণ অত্যন্ত গুরুত্বপূর্ণ হলেও তা জরুরি নয়। ফলে অপ্রয়োজনীয় উত্তেজনা এড়াতে নির্মাণ আপাতত স্থগিত রাখা হয়েছে। ভবিষ্যতে পরিস্থিতি স্বাভাবিক হলে আবার নির্মাণ শুরু হবে। তবে কোনো নির্দিষ্ট তারিখ নির্ধারণ করা হয়নি।”

সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল ভিডিও:

চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে মাটির বাঙ্কার তৈরি এবং বিজিবি সদস্যদের পাহারা দেওয়ার দৃশ্য সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। স্থানীয় সাধারণ মানুষকেও সেখানে পাহারা দিতে দেখা যায়।

বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের মধ্যে ২,২১৬ কিলোমিটার দীর্ঘ সীমান্ত রয়েছে, যার ৫০ শতাংশ এখনো বেড়াবিহীন। মালদার ১৭২ কিলোমিটার সীমান্তের মধ্যে ২৭ কিলোমিটার এলাকায় বেড়া নেই।

বিএসএফ কর্মকর্তার দাবি, গত বছর এই এলাকায় বেড়া নির্মাণ শুরু হলেও প্রতিকূল আবহাওয়ার কারণে কাজ বন্ধ রাখতে হয়। এবার কাজ শুরু করতে গিয়ে বিজিবির আপত্তির মুখে পড়তে হয়েছে।

মো: আল-আমিন, স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম